

# 'ডিসিসি মার্কেটের অগ্নিকাণ্ডে কোনো নাশকতা হয়নি'

## অনলাইন ডেস্ক



রাজধানী গুলশান-১ এর ডিসিসি মার্কেটের আগুনে কোনো নাশকতা নেই বলে ব্যক্তিগতভাবে মনে করছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক।

মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে ঘটনাস্থল পরিদর্শনে এসে তিনি বলেন, আমার ব্যক্তিগত ফিলিং এখানে কোনো নাশকতার ঘটনা ঘটেনি, নাশকতার কিছু নেই। তবে ফায়ার সার্ভিসের সঙ্গে

যৌথভাবে একটি কমিটি গঠন করা হয়েছে, আগামীকাল থেকে অনুসন্ধান চলবে।

আনিসুল হক বলেন, যারা ফায়ার সার্ভিসের গাফিলতির কথা বলছেন, তারা সব হারিয়েছেন। তাই তাদের আমি দোষ দিচ্ছি না। রাত থেকে ফায়ার সার্ভিসের প্রায় ১'শ কর্মী জীবনের ঝুঁকি নিয়ে চেষ্টা করে যাচ্ছে।

আগুনের বিষয়ে তিনি বলেন, ফায়ার সার্ভিসের কর্মীদের সঙ্গে কথা হয়েছে, তারা কনফিডেন্ট আগুন আর ছড়াবে না। ভেতরে স্পট ফায়ার আছে সেখান থেকেও আর আগুন ছড়ানোর সুযোগ নেই। বর্তমানে ধোঁয়া রয়েছে, তাও নিয়ন্ত্রণে চলে আসবে।

বিডি-প্রতিদিন/০৩ জানুয়ারি, ২০১৬/মাহবুব